জীবননগরের অর্থনীতিতে খেজুর গাছ আশীর্বাদ

প্রতিটি মাঠের ক্ষেতের আইলে, রাস্তার পাশে, পুকুর পাড়ের অযত্নে, অবহেলায় বেড়ে ওঠা খেজুরের গাছ জীবননগর উপজেলার অর্থনীতিতে আর্শীবাদ।

শীত মৌসুমে রস-গুড় উৎপাদন করে প্রায় ৬ মাস স্বাচ্ছন্দ্যে জীবিকা নির্বাহ করে উপজেলার কয়েক হাজার পরিবার। খেজুরের রস, গুড় ও পাটালি উৎপাদনে প্রসিদ্ধ উপজেলা জীবননগর। দেশের বাইরেও এর বেশ কদর রয়েছে। আসছে শীত, রীতিমত ব্যস্ত হয়ে পড়েছেন গাছিরা। উপজেলার সবখানেই শুরু হয়েছে খেজুর রস সংগ্রহের কর্মযজ্ঞ।

গাছিরা খেজুর গাছের ডাল-পালা পরিষ্কার করাসহ যাবতীয় কাজ চালিয়ে যাচ্ছেন পুরোদমে। দিন দশেক পরেই মিলবে রস, গুড় ও পাটালি। রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন অঞ্চলে বিক্রি হয় এ উপজেলার গুড়-পাটালি।

উপজেলার মনোহরপুর ইউনিয়নের মাধবপুর গ্রামের গাছি আজিজ মিয়া জানান, একশ খেজুর গাছ প্রস্তুত করেছেন এবার। এর থেকে রস-গুড়, পাটালি বিক্রি করে প্রায় ৬ মাস সংসার চলে যাবে তার।

একই এলাকার গাছি হযরত আলী জানান, রস সংগ্রহে গাছে ভাঁড় (মাটির তৈরীর পাত্র) বাঁধার আগে প্রতিদিন ভাঁড়গুলো ধুয়ে নিয়ে আগুন দিয়ে পোড়া দিই। সেই সাথে খেজুরের পাতা দিয়ে ভাঁড় ঢেকে দিই। এভাবে প্রতিদিন রস সংগ্রহ করি। এ ছাড়াও গুড়-পাটালি করার সময় কোন কেমিক্যাল মেশানো হয়না।

জীবননগর উপজেলা কৃষি কর্মকর্তা শারমিন আক্তার বলেন, বাঁদুড়ের মাধ্যমে খেজুর রসে নিপাহ ভাইরাস ছড়ানোর আশংকা থাকে।

এ জন্য গাছিরা যে পাত্রে রস সংগ্রহ করবে সেটা যেন ভাল করে ঢেকে রাখে। যেন বাঁদুড় বা অন্য কোন প্রাণী রস ছুতে না পারে। ভোক্তারা যাতে স্বাস্থ্য সম্মত উপায়ে প্রস্তুত খেজুরের রস-গুড় পেতে পারে এজন্য কাজ করে যাচ্ছে কৃষি বিভাগ।

জীবননগর সীমান্তে প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন

জীবননগরে সীমান্ত প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১২টার সময় জীবননগর উপজেলার সীমান্ত ইউনিয়নের হরিপুর গ্রামে এ প্রতিবন্ধী শিক্ষা কেন্দ্রের উদ্বোধন করা হয়।

৪নং সীমান্ত ইউপি চেয়ারম্যান মঈন উদ্দীন ময়েনের সভাপতিত্বে এ সময় উপস্থিত ছিলেন সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি হাজী আঃ মালেক মোল্লা, জীবননগর ডিগ্রী কলেজের প্রভাষক মতিয়ার রহমান, চুয়াডাঙ্গা সরকারি কলেজের প্রভাষক আতাউর রহমান রাসেল, বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মধু,

সীমান্ত ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুর শুকুর ,আওয়ামী লীগ নেতা রফিকুল ইসলাম পচা, আজিজুর রহমান, সীমান্ত ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়রাম্যান আব্দুল কাদের, ইউপি সদস্য ইমাদ আলী, আঃ সালাম, আয়ুব আলী, সাবেক শিক্ষক শওকত আলী, মুসলেহ উদ্দিন, নাজমুল আরেফিন, সোহেল রানা, সাদিয়া সুলতানা প্রমুখ। উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন মাওলানা আনিসুর রহমান।

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক সভা অনুষ্ঠিত

জীবননগর গঙ্গাদাশপুর যুব সংগঠনের মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭ টার সময় জীবননগর উপজেলার সীমান্ত

ইউনিয়নের সে¦চ্ছাসেবী সংগঠন গঙ্গাদাশপুর যুব সংগঠনের আয়োজনে এ মাসিক আলোচনা সভা অনুষ্ঠিত।

গঙ্গাদাশপুর যুব সংগঠনের সভাপতি শাহিন কবিরের সভাপতিত্বে মাসিক আলোচনা সভায় উপস্থিত ছিলেন গঙ্গাদাশপুর যুব সংগঠনের উপদেষ্ঠা সাংবাদিক মিঠুন মাহমুদ, রাজিব হোসেন রাজু, সহ-সভাপতি আনারুল ইসলাম, সাধারণ সম্পাদক আব্দুল্লাহ আল মামুন, যুগ্ন-সম্পাদক অনিক রহমান রনি, আরুক হোসেন, আকাশ মিয়া, বিপ্লব হোসেন, রিদয় প্রমুখ।

জীবননগরে রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন

জীবননগরে দৌলৎগঞ্জ এইট স্টার স্মৃতি রাত্রিকালীন ক্রিকেট টুর্নামেন্টের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় দৌলৎগঞ্জ যুব সংঘের আয়োজনে পৌর কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জনের বাড়ি সংলগ্ন মাঠে এ খেলার উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মুন্সী আবু সাইফ মুকু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জীবননগর পৌর মেয়র জাহাঙ্গীর আলম, জীবননগর পৌর সভার ৪নং ওর্য়াড কাউন্সিলার শোয়েব আহম্মেদ অঞ্জন, ৩নং ওর্য়াড কাউন্সিলার সাংবাদিক আতিয়ার রহমান, সাবেক ফুটবলার সিরাজুল ইসলাম, শাজাহান কবির, সাংবাদিক মিঠুন মাহমুদ প্রমুখ।

অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন দৌলৎগঞ্জ যুব সংঘের সভাপতি মহিবিল্লাহ ।

জীবননগরে সুরকার ও গীতিকার এম এ খালেক আকন্দর আত্মপ্রকাশ

জীবননগরে আনুষ্ঠানিক ভাবে সুরকার ও গীতিকার এম এ খালেক আকন্দর আত্মপ্রকাশ ঘটেছে।

গতকাল শুক্রবার সকাল ১০টার সময় হাসাদহ প্রেস ক্লাবে সংবাদ সম্মেলনের মাধ্যমে সুরকার ও গীতিকার এম এ খালেক আকন্দর আত্বপ্রকাশ ঘটে।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান হাফিজ, জীবননগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, চুয়াডাঙ্গা জেলা পরিষদের সদস্য শফিকুল ইসলাম নান্নু, হাসাদহ ইউনিয়ন যুবলীগের সভাপতি জুম্মত মন্ডল, জীবননগর সাংবাদিক সমিতির সাবেক সভাপতি আতিয়ার রহমান, হাসাদহ প্রেস ক্লাবের সভাপতি মতিয়ার রহমান প্রমুখ।

জীবননগরে ৯৮ বোতল ফেন্সিডিলসহ মাদক ব্যবসায়ী আটক

জীবননগরে বিজিবি সদস্যেরা মাদক বিরোধী অভিযান চালিয়ে ৯৮ বোতল ফেন্সিডিলসহ এক মাদক ব্যবসায়ীকে আটক করেছে ।

গতকাল সোমবার সকালে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধিনস্ত জীবননগর বিওপির হাবিলদার মখলেসুর রহমান সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিত্তিতে জীবননগর বিওপির সামনে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে ।

এ সময় দামুড়হুদা উপজেলার হুদা পাড়ার মিরাজুল ইসলামের ছেলে মাদক চোরাকারবারী মোঃ সেমিক হাসানকে ৯৮ বোতল ভারতীয় ফেন্সিডিল, ১ টি মোবাইল এবং ২ টি ব্যাগসহ আটক করা হয়।

আটককৃত আসামীকে মাদকদ্রব্যসহ জীবননগর থানায় সোপর্দ করা হয়েছে।

জীবননগরে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালিত

বঙ্গবন্ধুর দর্শন,সমবায়ে উন্নয়ন এই প্রতিপাদ্যকে সামনে রেখে চুয়াডাঙ্গা জীবননগরে সমবায়ী র্যালী ও আলোচনা সভার মধ্যে ৪৯তম জাতীয় সমবায় দিবস পালন করা হয়েছে।

গতকাল শনিবার সকাল ১০টার সময় উপজেলা প্রশাসন ও উপজেলা সমবায় দপ্তরের আয়োজনে ৪৯তম জাতীয় সমবায় দিবস উপলক্ষ্যে উপজেলা পরিষদ থেকে একটি র্যালীবের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে উপজেলা পরিষদের অডিটোরিয়ামে একটি আলোচনা সভা অনুষ্ঠত হয়।

এ সময় উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেযারম্যান হাজী হাফিজুর রহমান। মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী ,জীবননগর থানার ওসি (অপারেশন) মোল্লা সেলিম,উপজেলা সমবায় অফিসার মোতাহার হোসেন প্রমুখ।

আলোচনা সভা শেষে খুলনা বিভাগের শ্রেষ্ঠত্বা অর্জন করায় জাতীয় সমবায় পুরস্কার হিসাবে এবলুম বাংলা সমবায় সমিতিসহ তিনটি সমবায় সমিতিকে সম্মাননা স্বারক প্রদান করা হয়।উক্ত অনুষ্ঠানটি সার্বিক পরিচালনা করেন উপজেলা সমাজ সেবা অফিসার মাসুদুর রহমান।

জীবননগরে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম

জীবননগরে দিনে দুপুরে বিল থেকে মাছ চুরি করার সময় দেখে ফেলায় স্কুল ছাত্রকে পিটিয়ে রক্তাক্ত জখম করার অভিযোগ উঠেছে, জীবননগর উপজেলার আন্দুলবাড়িয়া ইউনিয়নের পাঁকা গ্রামের আনসার আলীর ছেলে মিন্টুর বিরুদ্ধে। গত রবিবার সকাল সাড়ে ১১টার সময় জীবননগর উপজেলার পাঁকা গ্রামের বিলের কদম তলা ব্রিজের পাশে এ ঘটনা ঘটে।

আহত স্কুল ছাত্র উপজেলার আন্দুলবাড়িযা ইউনিয়নের পাঁকা গ্রামের বাবুল আক্তারের ছেলে ইমদাদুল আজিজ (৮)। পাঁকা উত্তর পাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রথম শেণীর ছাত্র।

আহত স্কুল ছাত্রের মা বলেন, রবিবার সকালের দিকে ইমদাদুল পাঁকা বিলের পাশে খেলা করছিল এ সময় মিন্টু বিলের ভিতরে চুরি করে জাল পেতে মাছ ধরছিল। আর সে সময় আমার ছেলে দেখে ফেলায় তাকে মারধর করে রক্তাক্ত জখম করে। বর্তমানে তার বা চোখে আঘাত লেগে সে চোখে কিছু দেখতে পারছে না। আমার সন্তানকে যে এ ভাবে মেরেছে আমি তার শাস্তি চাই।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিক্যাল অফিসার ডাঃ পার্থ সারথি বলেন, আহত স্কুল ছাত্র ইমদাদুলের কপালে এবং একটি চোখে আঘাত লেগেছে তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে আশাকরি সুস্থ হয়ে উঠবে।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম বলেন, পাঁকা গ্রামে স্কুল ছাত্রকে পিটিয়ে জখম করার ঘটনায় এখনও পর্যন্ত থানায় কোন অভিযোগ পাইনি অভিযোগ পেলে তদন্ত পূর্বক আইনগত ব্যবস্থা নেওয়া হবে ।

জীবননগরে চুরির অপবাদে কর্মচারীকে নির্যাতন, নির্যাতনকারি টিন ব্যবসায়ী আটক

জীবননগর শহরের টিন ব্যবসায়ী হক মেশিনারি’র স্বত্বাধিকারী হাজী সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হকের বিরুদ্ধে দোকান থেকে ২ হাজার টাকা চুরির মিথ্যা অপবাদ দিয়ে দোকানের ম্যানেজার খলিল মিজিকে নির্মম ভাবে নির্যাতনের অভিযোগ উঠেছে।

আহত দোকান ম্যানেজারের স্ত্রী বাদি হয়ে জীবননগর থানায় সোমবার রাতে লিখিত অভিযোগ দিলে রাতেই নির্যাতনকারী সাইদুল হককে গ্রেপ্তার করেন জীবননগর থানা পুলিশ।
আহত ম্যানেজার খলিল মিজি (৫৫) জীবননগর উপজেলার পিয়ারাতলা গ্রামের মৃত আবেদ আলীর ছেলে

আহত খলিল মিজি বলেন, আমি দীর্ঘ প্রায় ৬ বছর ধরে জীবননগর শহরের টিন ব্যবসায়ী হাজী সাইদুল হকের দোকানে ম্যানেজার হিসেবে কাজ করে আসছি। প্রতিদিনের মতো রোববার সকালে আমি দোকানে গিয়ে খাতা-পত্র নিয়ে হিসাব নিকাশের কাজ করতে থাকি। হঠাৎ দোকানের মালিক হাজী সাইদুল হক ও তার ছোটভাই সাইউল হক আমাকে গিয়ে বলে মার্কেট থেকে বাকির আদায় করা কালেকশনের টাকা থেকে দুই হাজার টাকা কম হচ্ছে। আমি তখন তাদেরকে জানাই, আমি আমার পাওনা বেতনের টাকা থেকে আমার নামে খরচ লিখে পাঁচশত টাকা নিয়েছি। কম হওয়া টাকা সম্পর্কে আমার জানা নাই।

যে মার্কেট থেকে কালেকশন করেছে তাকে জিজ্ঞাসা করতে বললে, তখন তারা আমার উপর ক্ষিপ্ত হয়ে কাঠের বাটাম দিয়ে মারপিট করতে থাকে । এভাবে তারা দুই ভাই আমাকে দোকানে আটকিয়ে রেখে পর্যায়ক্রমে দুপুর তিনটা থেকে সন্ধ্যা ছয়টা পর্যন্ত অমানবিক নির্যাতন করতে থাকে আর আমাকে এই মিথ্যা চুরির কথা স্বীকার করতে বলে। একপর্যায়ে আমি জ্ঞান হারিয়ে ফেললে আমার বাড়িতে খবর দিয়ে আমার স্ত্রী আসলে ভ্যান যোগে বাড়িতে পাঠিয়ে দেয় এবং এই কথা কাউকে না জানানোর জন্য হুমকি দেয়।

আমি আমার স্ত্রী কলেজ পড়ুয়া কন্যা সন্তানের মুখের দিকে তাকিয়ে লোকলজ্জা ও হাজী সাহেবদের ভয়ে কাউকে বিষয়টি জানায়নি বাড়িতে

থেকেই চিকিৎসা নিতে থাকি। আজ আমার শারীরিক অবস্থা খারাপ দেখে আত্মীয়স্বজনরা জীবননগর হাসপাতালে চিকিৎসার জন্য ভর্তি করান। আমি আমার উপর মিথ্যা চুরির অপরাধ দিয়ে অমানবিক নির্যাতনের বিচার চাই। আমি যদি চোর হতাম তাহলে দীর্ঘ ৩০ বছর ধরে বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠানে ম্যানেজার হিসেবে কিভাবে চাকরি করে আসছি ? আমি তাদের এখানেই ৬ বছর ধরে ম্যানেজার হিসেবে চাকরি করছি।

এ ব্যাপারে জীবননগর থানা অফিসার ইনচার্জ ওসি সাইফুল ইসলাম বলেন, আহত খলিল মিজির স্ত্রী বাদী হয়ে জীবননগর থানায় একটি লিখিত অভিযোগ দিলে হাসপাতালে তাৎক্ষণিক পুলিশের একটি টিম পাঠিয়ে ভিকটিমের শারীরিক অবস্থা খোঁজ নিয়ে রাত সাড়ে ১২ টার দিকে নির্যাতনকারী ব্যবসায়ী সাইদুল হককে গ্রেপ্তার করা হয়।

জীবননগরে জেল হত্যা দিবস পালিত

জীবননগরে জাতীয় পতাকা উত্তোলন, আলোচনা ও মাহফিলের মধ্যে দিয়ে জেল হত্যা দিবস পালন করা হয়েছে।

গতকাল মঙ্গলবার সকাল সাড়ে ৮টার সময় জীবননগর উপজেলা আওয়ামী লীগের আয়োজনে উপজেলা আওয়ামী লীগের কার্যালয়ে জাতীয় পতাকা, কালো পতাকা উত্তোলন, আলোচনা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি মোশাররফ হোসেন মিয়ার সভাপতিত্বে আলোচনায় বক্তব্য দেন উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক উপাধ্যক্ষ অবঃ মোঃ নজরুল ইসলাম, পৌর আওয়ামী লীগের সাবেক সভাপতি আবু মোঃ আঃ লতিফ অমল, পৌর আওয়ামী লীগের সভাপতি মোঃ নাসির উদ্দীন,

জীবননগর উপজেলা যুবলীগ সভাপতি উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আঃ সালাম ঈশা, মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, মনোহরপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন খাঁন, বাঁকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আব্দুল কাদের প্রধান প্রমুখ।